



Sub: Bengali Text Work Sheet-5

Class: 6

Date: 07.05.2020

বিষয় : মধুর তোমার শেষ যে না পাই' রচনার প্রসঙ্গ আলোচনা

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'সেদিন আষাঢ় মাসের পূর্ণিমা' — 'আষাঢ়' হল —
(ক) গ্রীষ্মকালের মাস (খ) বর্ষাকালের মাস
(গ) শরৎকালের মাস (ঘ) বসন্তকালের মাস
- ২। 'সেদিন আষাঢ় মাসের পূর্ণিমা' — 'পূর্ণিমা' হল —
(ক) একটি তিথি (খ) একটি মেয়ের নাম
(গ) একটি চাঁদ (ঘ) কোনটি নয়
- ৩। 'সিদ্ধার্থ সেই ঘোড়ায় চড়ে চলে গেলেন _____ নদীর পারে। শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে ?
(ক) গোদাবরী (খ) গঙ্গা
(গ) অনামা (ঘ) কৃষ্ণা
- ৪। 'রাজপুরী' শব্দের অর্থ হল —
(ক) পুরীর রাজপ্রাসাদ (খ) রাজধানী
(গ) একটি জায়গার নাম (ঘ) রাজপ্রাসাদ
- ৫। '_____ চলছে কপিলাবস্তুর দিকে।' শূন্যস্থানে বসবে —
(ক) সিদ্ধার্থ (খ) ছন্দক
(গ) রাজা (ঘ) সৈন্যরা
- ৬। 'কানের কুম্ভল' — 'কুম্ভল' শব্দের অর্থ হল —
(ক) অলংকার বিশেষ (খ) যন্ত্র বিশেষ
(গ) ঢাকনা বিশেষ (ঘ) কোনটি নয়
- ৭। 'সিদ্ধার্থ চলেছেন পায়ে হেঁটে নদী পার হয়ে' — সিদ্ধার্থ কোথায় চলেছেন ?
(ক) প্রাতঃভ্রমণে (খ) বেড়াতে
(গ) তপস্যা করতে (ঘ) কোনটি নয়
- ৮। '_____ কোথা শেষ তাই জানতে।' শূন্যস্থানে বসবে —
(ক) পথের (খ) সীমান্তের
(গ) শত্রুর (ঘ) দুঃখের
- ৯। 'তপস্যা' শব্দের অর্থ কি ?
(ক) তপ করার জায়গা (খ) আরাধনা
(গ) সন্ন্যাসীর পোষাক (ঘ) কোনটি নয়
- ১০। 'সে পারে _____ জমি।' শূন্যস্থানে বসবে —
(ক) ভাঙন (খ) ধানের
(গ) চাষের (ঘ) ফাঁকা

- ১১। 'সেখানে ঘাট নেই' — 'ঘাট' শব্দের অর্থ হল —
(ক) বিশেষ বিশ্রামের জায়গা (খ) নৌকোর উপকরণ
(গ) নদীর পারে তৈরী পারাপারের জন্য পথ (ঘ) কোনটি নয়
- ১২। 'কপিলাবস্তু'র এমন নামকরণের কারণ —
(ক) শাক্য রাজবংশের দেওয়া (খ) মহর্ষি কপিলের নাম অনুসারে
(গ) কপিলা নামক রমণীর নামে (ঘ) কোনটি নয়
- ১৩। 'বনপথ' শব্দের অর্থ হল —
(ক) পথের নাম (খ) অরণ্যভূমি
(গ) বনে চলার পথ (ঘ) কোনটি নয়
- ১৪। সিদ্ধার্থ নিজের গায়ের _____; শূন্যস্থানে বসবে —
(ক) শাল (খ) সোনার চাদর
(গ) পোষাক (ঘ) কোনটি নয়
- ১৫। 'জেলে' শব্দের অর্থ হল —
(ক) যে মাছ ধরে (খ) মাঝি
(গ) যে জাল বোনে (ঘ) কোনটি নয়

Amit Kundu
